

সহকারী শিক্ষক নিয়োগ ২০২২ এর মৌখিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের প্রতি নির্দেশনা

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০/১২/২০২২ খ্রি. তারিখের ২৯৭ নম্বর বিজ্ঞপ্তি মোতাবেক সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ‘সহকারী শিক্ষক নিয়োগ ২০২০’ এর জন্য প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীগণকে আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপিসহ স্ব-শরীরে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহীতে উপস্থিত হয়ে নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত কপি জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো;

১. ৩কপি সত্যায়িত ছবি (আবেদনের সময় আপলোডকৃত),
২. চাকুরীর অনলাইন আবেদনপত্র ও লিখিত পরীক্ষার প্রবেশপত্র,
৩. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের কপি,
৪. জাতীয় পরিচয়পত্র,
৫. ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার নাগরিকত্ব সনদ,
৬. সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সনদ/প্রত্যয়ন,
৭. ডোপটেস্ট রিপোর্ট,
৮. প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদ
৯. পূরণকৃত প্রাক চাকুরী বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন) ও সর্বশেষ অধ্যায়নকৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ(৩কপি)
১০. কাগজপত্র জমা গ্রহণের সময় তাদের নমুনা স্বাক্ষর গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ-১) চাহিত কাগজপত্র সমূহ একটি কোর্ট ফাইলের মধ্যে অত্রাফিসে জমা দেয়ার সময় ফাইলের উপরে প্রার্থীর নাম রোল নম্বর ও সংশ্লিষ্ট উপজেলার নাম অবশ্যই লিখে দিতে হবে।

২) যে সকল প্রার্থীগণ ইতোমধ্যে তাদের কাগজপত্র জমা দিয়েছেন তাদেরও অনুরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে।

উল্লেখ্য, কোন ভূয়া ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ কাগজপত্র দাখিল করলে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র দাখিলে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগ প্রদানের জন্য বিবেচিত হবেন না।

আদেশক্রমে-
কর্তৃপক্ষ